

ধামইরহাট কারিগরি কলেজ ১৮ বছর পরও এমপিওভুক্ত হয়নি

ধামইরহাট (নওগাঁ) প্রতিনিধি ২৬ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট

অ- | অ | অ+

১৮ বছর পেরিয়ে গেলেও নওগাঁর ধামইরহাট টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজটি এমপিওভুক্ত করা হয়নি। দীর্ঘদিন ধরে বেতন-ভাতা না পেয়ে এ কলেজের শিক্ষক-কর্মচারীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে।

জানা যায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত বুধবার সারা দেশের দুই হাজার ৭৩০টি শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার তালিকা প্রকাশ করেন। কিন্তু ২৮৩টি কারিগরি কলেজকে এমপিওভুক্ত করা হলেও ওই তালিকায় ধামইরহাট টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের নাম নেই। ২০০১ সালে উপজেলা সদর থেকে প্রায় তিনি কিলোমিটার দূরে ধামইরহাট-নজিপুর-নওগাঁ আঞ্চলিক মহাসড়কের পাশে বিহানীনগর মৌজায় নিরিবিলি পরিবেশে কলেজটি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এ কলেজে দুই ট্রেডে ১৬০ জন শিক্ষার্থীর স্থলে ১৪৯ জন পড়ছে। ২০১৬ সালে ৯৯ শতাংশ, ২০১৭ সালে ৫৬ শতাংশ, ২০১৮ সালে ৯৮ শতাংশ ও সর্বশেষ এই বছর ৯৬ শতাংশ শিক্ষার্থী পাস করেছে এ কলেজ থেকে।